দৈনিক সংবাদ

তারিখ ... 27 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# বাস্তবমুখী চিন্তা ক্যাম্পাসে শান্তি আনতে পারে

## — রাষ্ট্রপতি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছয় সদস্যের এক প্রতিনিধিদল গতকাল শনিবার বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে দেখা করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম, শাহজাহান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। খবর বাসস'র।

প্রতিনিধিদলের সদস্যরা রাষ্ট্রপতি পদের দায়িত্ব গ্রহণ করায় আবদুর রহমান বিশ্বাসের প্রতি আন্তরিক অভিনন্দন জানান।

ক্যাম্পাস ঃ পৃঃ ১২ কঃ ৬

# ক্যাম্পাস ঃ বাস্তবমুখী চিন্তায় শান্তি আনবে

(১ম পাতার পর)

উপাচার্য প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে কিছু বহিরাগতের সৃষ্ট সাম্প্রতিক ঘটনা সম্পর্কেও রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি রাষ্ট্রপতিকে জানান যে, ক্যাম্পাসে এখন শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করছে।

প্রতিনিধিদল তাদের কিছু সমস্যা রাষ্ট্রপতির কাছে তুলে ধরেন।

রাষ্ট্রপতি বিশ্বাস প্রতিনিধিদলকে বলেন, সকলের বাস্তবমুখী চিন্তা শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করতে পারে।

তিনি বলেন, সহিংসতায় লিপ্ত ব্যক্তিদের বিরুদ্ধে আইন এর নিজস্ব গতিতেই চলবে। প্রতিনিধিদলে ছিলেন অধ্যাপক আলী আফজল, অধ্যাপক ইমামউদ্দিন, অধ্যাপক তাহের আলী ও অধ্যাপক সিদ্দিক হোসেন। ছাত্রকল্যাণ বিষয়ক পরিচালক শামসুল হক এ উপলক্ষে উপস্থিত ছিলেন।